গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাণী ভবানী সরকারি মহিলা কলেজ, নাটোর
স্থাপিত ঃ ১৯৭৩
ফোন ঃ ০২৫৮৮৮৭১৩৫২, মোবাইল ঃ ০১৩০৯-১২৪২৩৭, EIIN- 124237, মাউশি কোড নং -০১৪৫
E-mail: rbmohillagovtcollege@gmail.com, Web: www.rbgwc.edu.bd

বিজ্ঞপ্তি-২০২৬

তারিখ ঃ ২৫/১১/২০২৬

এতদ্দ্বারা অত্র কলেজের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণিতে যারা উপবৃত্তি পায়নি (বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখা) এবং ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিকৃত সকল (বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখা) শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় দারিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে শিক্ষার্থী নির্বাচনের জন্য আগামী ৩০/১১/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অনলাইন হতে আবেদন ফরম ডাউনলোড করে (www.rbgwc.edu.bd ওয়েবসাইট হতে) স্ব-হস্তে পূরণ করে নিম্নলিখিত কাগজপত্রসহ কলেজের হিসাববিজ্ঞান বিভাগে মোঃ আব্দুল জলিল, অফিস সহায়ক এর নিকট (দ্বাদশ শ্রেণি) ও ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে (একাদশ শ্রেণি) জমা দেওয়ার জন্য বলা হলো। অসম্পূর্ণ তথ্য ও অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

উপবৃত্তি সংক্রান্ত কোনো বিষয়ে জানার প্রয়োজন হলে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ করার জন্য বলা হলো।

১। দ্বাদশ শ্রেণির জন্য ঃ জনাব মুহাম্মদ ইফতেকার হোসেন, সহকারী অধ্যাপক, গণিত বিভাগ (মোবাইল ঃ ০১৭১৫-৪৩১৪০৯)
২। একাদশ শ্রেণির জন্য ঃ জনাব মোছাঃ তাসলিমা খাতুন, সহযোগী অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ (মোবাইল ঃ ০১৭১৫-৩৬১৯৭৭)

উপবৃত্তির অর্থ প্রাপ্তির লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাবলী আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে ঃ

১। জেনারেল ব্যাংকিং এর ক্ষেত্রে পিতা/মাতার মধ্যে যাকে অভিভাবক হিসাবে নির্বাচন করা হবে তাঁর নামে একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে অভিভাবকের নাম দিতে হবে। স্কুল ব্যাংকিং একাউন্ট এর ক্ষেত্রে শিক্ষার্থীর নামে একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নিজের নাম দিতে হবে।

২। পিতা ও মাতা কেউ জীবিত না থাকলে অন্যান্য অভিভাবক হিসাবে আপন ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী-কে নির্বাচন করলে শিক্ষার্থীর নিজ নামীয় একাউন্ট হিসাবে অনলাইন স্কুল ব্যাংকিং একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নিজের নাম দিতে হবে।

৩। এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে শিক্ষার্থীর নামে একাউন্ট খুললে একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নাম লিখতে হবে অথবা পিতা/মাতার মধ্যে যাকে অভিভাবক হিসাবে নির্বাচন করা হবে তাঁর নামে একাউন্ট খুললে পিতা/মাতার নাম একাউন্টধারীর নাম হিসাবে লিখতে হবে।

৪। মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে পিতা/মাতার মধ্যে যাকে অভিভাবক হিসাবে নির্বাচন করা হবে তাঁর এনআইডি দিয়ে সংশ্লিষ্ট সিম রেজিস্ট্রেশন এবং একাউন্ট খুলতে হবে এবং একাউন্টধারীর নাম হিসাবে পিতা/মাতার নাম লিখতে হবে।

৫। সরকারি অন্য কোন উৎস হতে মেধাবৃত্তি/উপবৃত্তি/শিক্ষাভাতা পেয়ে থাকলে উক্ত শিক্ষার্থী আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে।

নিম্নোক্ত প্রয়োজনীয় কাগজপত্র আবেদনের সাথে জমা দিতে হবে ঃ

১। শিক্ষার্থী কর্তৃক পূরণকৃত উপবৃত্তির আবেদন ফরম;
২। শিক্ষার্থীর জন্ম সনদ এর ফটোকপি (অবশ্যই ১৭ সংখ্যার ডিজিটাল জন্মসনদ);
৩। শিক্ষার্থীর পিতা, মাতা ও অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যার);
৪। পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যার);
৫। শিক্ষার্থীর এসএসসি পরীক্ষার প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড ও মূল মার্কসিটের ফটোকপি;
৬। একাউন্টের সত্যতা/সঠিকতা যাচাইয়ের জন্য জেনারেল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং/মোবাইল ব্যাংকিং এর স্টেটমেন্টের ফটোকপি।

২৫/১১/২০২৬

প্রফেসর আবু হাসনাৎ মোঃ রফিকুল ইসলাম-৫৪১১
অধ্যক্ষ
রাণী ভবানী সরকারি মহিলা কলেজ, নাটোর

অনুলিপি বিতরণ ঃ
১. সম্পাদক, শিক্ষক পরিষদ, রাভসমক, নাটোর;
২. আহ্বায়ক, উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি ২০২৫-২৬ ও ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষ, রাভসমক, নাটোর;
৩. ছাত্রী নোটিশ বোর্ড, রাভসমক, নাটোর;
৪. অফিস নথি, রাভসমক, নাটোর।